বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৪১

তারিখ: ০৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯২১ তম কমিশন সভা ১৮/০৯/২০২৪ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে;

১। গত ১ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৯১৮তম (জরুরি) কমিশন সভার সিদ্ধান্তক্রমে এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ এর ২৪ ধারা ও অন্যান্য সংশ্লিষ্ট আইন অনুযায়ী ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (DSE) এর পরিচালনা পর্ষদে ৭ (সাত) জন স্বতন্ত্র পরিচালকের নিয়োগ প্রদান করা হয়। নিয়োগকৃত DSE এর ২ (দুই) জন স্বতন্ত্র পরিচালক পরবর্তীতে দায়িত্ব গ্রহণে অপারগতা প্রকাশ করেন। অপারগতা প্রকাশকারী উক্ত স্বতন্ত্র পরিচালকগণের স্থলে পূর্বের আদেশের ধারাবাহিকতায় জনাব এ এফ নেসারউদ্দিন, এফসিএ, এফসিএস, সিনিয়র পার্টনার, হুদা ভাসী চোধুরী অ্যান্ড কোম্পানী, চার্টার্ড একাউট্যান্ট ও সৈয়দা জাকেরিন বখ্ত নাসির, চীফ কনসালট্যান্ট ও সিইও, জেড এন কনসালট্যান্ট কে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি(DSE) এর স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হয়।

২। স্টক এক্সচেঞ্জ এর নমিনেশন অ্যান্ড রেমুনারেশন কমিটি (এনআরসি) কর্তৃক প্রস্তাব দাখিলের প্রেক্ষিতে কমিশন স্টক এক্সচেঞ্জ এর স্বতন্ত্র পরিচালক এর নিয়োগে অনুমোদন প্রদান করে থাকে। চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি (CSE) এর স্বতন্ত্র পরিচালক পদত্যাগ করায় বর্তমানে উক্ত এক্সচেঞ্জ এর নমিনেশন অ্যান্ড রেমুনারেশন কমিটি (এনআরসি) নেই। এই কমিটি না থাকায়, স্বতন্ত্র পরিচালক নির্বাচন বিষয়ে CSE হতে প্রস্তাব কমিশনে দাখিলের সুযোগ নেই। অধিকন্তু প্রয়োজনীয় সংখ্যক পরিচালক না থাকায়, নমিনেশন অ্যান্ড রেমুনারেশন কমিটি (এনআরসি) গঠনেরও সুযোগ নেই। সে প্রেক্ষিতে বর্তমানে স্বতন্ত্র পরিচালক না থাকায়, CSE এর পরিচালনা পর্ষদ আইন অনুযায়ী পূর্ণাঙ্গ ও কার্যকর নয়। পুঁজিবাজারের সার্বিক উন্নয়ন ও বিনিয়োগকারীর স্বার্থ রক্ষার্থে স্বতন্ত্র পরিচালক নিয়োগ করা অতীব আবশ্যক ও জরুরী। ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ এর ২৪ ধারা ও অন্যান্য সংশ্লিষ্ট আইন অনুযায়ী কমিশন চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি এর পরিচালনা পর্ষদে নিম্নোক্ত স্বতন্ত্র পরিচালক নিয়োগ দেয়া হয়;

| ক্রমিক নং | নাম ও পরিচয় |
|---|---|
| ০১। | জনাব আলমগীর মোর্শেদ, ইডি ও সিইও, ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড (IDCOL) |
| ০২। | প্রফেসর ড. মো: সাইফুল ইসলাম, আইআইসিটি বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) |
| ০৩। | জনাব এ কে এম হাবিবুর রহমান, সাবেক ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক লিমিটেড ও বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস্ লিমিটেড |
| ০৪। | জনাব ড. মাহমুদ হাসান, চেয়ার, মার্কেটিং ও ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগ, নর্থ সাউথ ইউনিভার্সিটি |
| ০৫। | জনাব এম জুলফিকার হোসেন, সিইও এন্ড লিড কনসালটেন্ট, গ্রো এন এক্সেল |
| ০৬। | জনাব নাজনীন সুলতানা, এফসিএ, ফিন্যান্স ডিরেক্টর, এশিয়ান ইউনিভার্সিটি ফর উমেন (AUW) |
| ০৭। | জনাব ফরিদা ইয়াসমিন, উপ-সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় |

৩। কনসোলিডেটেড কাস্টমারস অ্যাকাউন্ট (consolidated customers' account) এর ঘাটতি পূরণের জন্য Sinha Securities Limited এর সময় বৃদ্ধির আবেদন নামঞ্জুর করা হয়। একইসাথে ২২ মার্চ ২০২২ তারিখে ইস্যুকৃত কমিশনের নির্দেশনা নং বিএসইসি/এসআরআই/সিসিএ/ডিএসই/২০২১/২১২ এ উল্লেখিত সকল শর্ত পুনরায় আরোপ করা হয়। এছাড়া Sinha Securities Limited এর পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালক/সিইও এর সকল ব্যাংক হিসাবের উত্তোলন বন্ধ (Debit suspension) করার জন্য বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) কে পত্র প্রেরণ, উক্ত ব্যক্তিবর্গের সকল বিও হিসাব অবরুদ্ধকরণের জন্য সেন্ট্রাল ডিপজিটরী বাংলাদেশ লিমিটেডকে নির্দেশনা প্রদান এবং আলোচ্য স্টক ব্রোকার কোম্পানীর পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালক/সিইও এর দেশ ত্যাগে নিষেধাজ্ঞা প্রদানের জন্য পুলিশের বিশেষ শাখা বরাবর অনুরোধ পত্র প্রেরণ করা হবে। একইসাথে সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য Sinha Securities Limited এর বিরুদ্ধে এনফোর্সমেন্ট কার্যক্রম শুরু করা হবে।

৪। পুঁজিবাজারে তালিকাভুক্ত ইমাম বাটন ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর শেয়ারের লেনদেনে কারসাজির কারণে Mr. A.S.M. Hasib Hasan কর্তৃক সিকিউরিটিজ আইন লঙ্ঘন (non compliance)করায় ১ (এক) কোটি টাকা জরিমানা করা হয়।

কর্ণফুলি ইন্সুরেন্স কোম্পানি লিমিটেড এর শেয়ারের লেনদেনে কারসাজির কারণে সিকিউরিটিজ আইন ভঙ্গ করায় Mst. Shahara Jaman ও তার সহযোগী Mr. Asfaquzzaman প্রত্যেককে ২.৫ লক্ষ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস লিমিটেডকে ১০ (দশ) লক্ষ টাকা এবং Mr. M Lutful Goni Titu ও তার সহযোগী Mr. Md. Mahmudul Hasan, Benju Khadoo Vander এর স্বত্বাধিকারী Mr. Khairul Hasan Benju, Ms. Lutfunnahar Begum ও Ms. Akikunnahar প্রত্যেককে ১ (এক) লক্ষ টাকা জরিমানা করা হয়।

৫। ইতঃপূর্বে ৯২০ তম কমিশন সভায় কনসোলিডেটেড কাস্টমারস অ্যাকাউন্ট (consolidated customers' account) এর ঘাটতি পূরণের জন্য Dhanmondi Securities Limited এর সময় বৃদ্ধির আবেদন নামঞ্জুর করা হয়। একইসাথে ২২ মার্চ ২০২২ তারিখে ইস্যুকৃত কমিশনের নির্দেশনা নং বিএসইসি/এসআরআই/সিসিএ/ডিএসই/২০২১/২১২ এ উল্লেখিত সকল শর্ত পুনরায় আরোপ করা হয়। এছাড়া Dhanmondi Securities Limited এর পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালক/সিইও এর সকল ব্যাংক হিসাবের উত্তোলন বন্ধ (Debit suspension) করার জন্য বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) কে পত্র প্রেরণ, উক্ত ব্যক্তিবর্গের সকল বিও হিসাব অবরুদ্ধকরণের জন্য সেন্ট্রাল ডিপজিটরী বাংলাদেশ লিমিটেডকে নির্দেশনা প্রদান এবং আলোচ্য স্টক ব্রোকার কোম্পানীর পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালক/সিইও এর দেশ ত্যাগে নিষেধাজ্ঞা প্রদানের জন্য পুলিশের বিশেষ শাখা বরাবর অনুরোধ পত্র প্রেরণ করা হবে। উক্ত সভার সিদ্ধান্তের পর Dhanmondi Securities Limited কনসোলিডেটেড কাস্টমারস অ্যাকাউন্ট (consolidated customers' account) এর ঘাটতি পূরণ করায় এবং ভবিষ্যতে সিকিউরিটিজ আইন ভঙ্গ করবে না মর্মে অঙ্গীকার নামা প্রদান করায় উল্লিখিত সিদ্ধান্তসমূহ প্রত্যাহার করা হবে।

৬। স্ট্রাটেজিক ফিন্যান্স লিমিটেড (মার্চেন্ট ব্যাংকার) এর বিষয়ে তদন্ত করার জন্য ৩(তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

৭। গত ৯ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৯১১তম সভায় CWT Private Equity Fund এর খসড়া ট্রাস্ট ডীড এবং খসড়া ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন প্রদানের পরবর্তীতে এ সংক্রান্ত প্রকাশিত বিভিন্ন বিরূপ তথ্য থাকায় CWT Private Equity Limited এর অধীনে পরিচালিত CWT Private Equity Fund এর নিবন্ধন সনদ প্রদান করা হবে না। এছাড়া CWT Private Equity Limited এর অধীনে পরিচালিত ৪ (চার) টি ফান্ডের ইনকুয়ারি পরিচালনা করা হবে।

১৮.০৯.২০২৪

ফারহানা ফারুকী
পরিচালক ও মুখপাত্র